

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৫১১

৪৫/ দু'আসমূহ (ﷺ আা کتاب الدعوات عن رسول الله)
পরিচ্ছেদঃ ৮৪. (বিপদে নিপতিত অবস্থায় পাঠ করার দু'আ)

باب مِنْهُ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ يَعْقُوبَ، حَدَّثَنَا عَمْرُو بْنُ عَاصِمٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ ثَابِتٍ، عَنْ عَمْرِو بْنِ أَبِي سَلَمَةَ، عَنْ أُمِّهِ أُمِّ سَلَمَةَ، عَنْ أَبِي سَلَمَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِذَا أَصَابَ أَحَدَكُمْ مُصِيبَةٌ فَلْيَقُلْ: (إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ) اللَّهُمَّ عِنْدَكَ احْتَسَبْتُ مُصِيبَتِي فَأْجُرْنِي فِيهَا وَأَبْدلْنِي مِنْهَا خَيْرًا " . فَلَمَّا احْتُضِرَ أَبُو سَلَمَةَ وَاللَّهُمُّ اخْلُفْ فِي أَهْلِي خَيْرًا مِنِي فَلَمَّا قُبِضَ قَالَت أُمُّ سَلَمَةَ : (إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ وَالْمَالِهُ وَإِنَّا إِلَيْهِ وَالْمَا اللَّهُمُّ اخْلُفْ فِي أَهْلِي خَيْرًا مِنِي فَلَمَّا قُبِضَ قَالَت أُمُّ سَلَمَةَ : (إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ وَالْمَالَةُ وَرَاكَ اللَّهُمُّ اخْلُفْ فِي أَهْلِي خَيْرًا مِنِي فَلَمَّا قُبِضَ قَالَت أُمُّ سَلَمَةَ : (إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ وَاللَّهُ مُنَا اللَّهِ مَا اللَّهُ مَا اللَّهِ الْمَالَقِ اللَّهِ الْمُعَلِيبَ فَي فَلَمَّا الْمُحْدِيثُ مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ عَنْ أُمِّ سَلَمَةَ عَنِ النَّبِي عَنْ أَمِّ سَلَمَةَ عَنِ النَّبِي صَلْى الله عليه وسلم وَأَبُو سَلَمَةَ اسْمُهُ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الأَسَدِ .

বাংলা

৩৫১১। আবূ সালামাহ্ (রাযিঃ) হতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কারো উপর কোন বিপদ এলে অবশ্যই সে যেন বলেঃ "নিশ্চয়ই আমরা আল্লাহ্ তা'আলার এবং আমাদেরকে অবশ্যই তার দিকে ফিরে যেতে হবে। হে আল্লাহ! তোমার নিকট আমি আমার বিপদের প্রতিদান চাই। অতএব তুমি আমাকে এর প্রতিদান দাও এবং এর বিনিময়ে ভালো কিছু দান কর।"

তারপর আবূ সালামাহ (রাযিঃ)-এর মৃত্যু হাযির হলে তিনি বললেনঃ হে আল্লাহ! আমার অবর্তমানে আমার পরিবারের জন্য আমার চাইতে উত্তম স্থলাভিষিক্ত নিযুক্ত করে দাও"। তারপর আবূ সালামাহ (রাযিঃ) মৃত্যুবরণ করলে উন্মু সালামাহ (রাযিঃ) বলেন, "আমরা আল্লাহ তা'আলার জন্য এবং আমাদেরকে তার কাছে প্রত্যাবর্তন করতে হবে। আমার এই বিপদের প্রতিদান আমি আল্লাহ তা'আলার নিকট পাওয়ার আশা করি। অতএব হে আল্লাহ! তুমি আমাকে প্রতিদান দাও"।

সানাদ সহীহ। উম্মু সালামাহ হতে অনুরূপ বর্ণিত আছে।



আবৃ ঈসা বলেন, উপর্যুক্ত সনদে এ হাদীসটি হাসান গারীব। এ হাদীস উম্মু সালামাহ (রাযিঃ)-এর বরাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে অন্যসূত্রেও বর্ণিত হয়েছে। আবৃ সালামাহ্ (রাযিঃ)-এর নাম আবদুল্লাহ ইবনু আবদুল আসাদ।

English

Umar bin Abu Salamah narrated from his mother, Umm Salamah, that the Messenger of Allah (ﷺ) said:

"When a calamity strikes one of you, then let him say: 'Indeed, to Allah we belong and to Him we shall return. O Allah, I seek reward with You for my affliction, so reward me for it, and replace it for me with something better (Innā lillāhi wa innā ilaihi rāji`ūn, Allāhumma `indaka aḥtasibu muṣībatī fa'jurnī fīhā wa abdilnī minhā khair).'" When the time of death was near Abu Salamah, he said: 'O Allah, replace me for my wife, with better than me." So when he died, Umm Salamah said: "Indeed, to Allah we belong and to Him we shall return. I seek reward with Allah for my affliction, so reward me for it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবু সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন